মহাপরিচালকের দপ্তর
ইসলামিক ফাউন্ডেশন
ডাইরী নং ৮৬৬
তারিখ ২৭/৯/২২

| মহাপরিচালক | |
|---|---|
| প্র.প. গণশিক্ষা | প্র.প. মসঃ পাঠাঃ |
| প্র.প. মডেল মসঃ | প্র.প. হাওড় |
| প্র.প. হালাল | প্র.প. ছা. নতুন. মে. |
| প্র.প. ই.পু. প্রকাশনা | প্র.প. সিরতা |
| প্র.প. আইসিটি সেল | প্র.প. ভবন নির্মাণ |
| প্র.প. গো[illegible] | প্র.প.লা.ব. [illegible] |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্থা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৪.১৮.০০৩.২২.৩০৪ তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা-২০২২ অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: ইসলামিক ফাউন্ডেশনের স্মারক নং-১৬.০১.০০০০.০২০.০৫.০০১.২১.৮৮৮, তারিখ: ২০/০৯/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রণীত **'মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা-২০২২'** নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: অনুমোদিত নির্দেশিকা।

২৭/০৯/২০২২

মো: তফিকুল ইসলাম
সহকারী সচিব
ফোন: ৫৫১০০৩২৩
e-mail: moragovbd@gmail.com

মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৪.১৮.০০৩.২২.৩০৪ তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪. অফিস কপি।

মো: তফিকুল ইসলাম
সহকারী সচিব

# মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা- ২০২২

[ইসলামিক ফাউন্ডেশন এ্যাক্ট ১৯৭৫ (১৯৭৫ সালের ১৭ নং আইন) ৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত]

আই সি টি বিভাগ

ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)

মোঃ তফিকুল ইসলাম
সহকারী সচিব

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইসলামের প্রচার ও প্রসারের জন্য ১৯৭৫ সালের ২২ মার্চ ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ মুসলমান। সুপ্রাচীনকাল থেকে এদেশে ইসলামী আদর্শ ও মূল্যবোধের লালন ও চর্চা হয়ে আসছে। ইসলামের এ সুমহান আদর্শ ও মূল্যবোধের প্রচার ও প্রসার কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন থেকে কাজ করে আসছে। মহান আল্লাহ পবিত্র কুরআনুল কারীমে ইরশাদ করেন, "তা 'আওয়ানু আলাল বিররি ওয়াততাক্ওয়া" অর্থাৎ সৎকর্ম ও তাক্ওয়ায় তোমরা পরস্পর সহযোগিতা করিবে" (সূরা মায়িদা: ০২)। প্রিয়নবী হযরত মুহাম্মদ (সা) বলেছেন, "যে ব্যক্তি কোন ভাল কাজের পথ দেখান সে ব্যক্তি ভাল কাজ করার সমান সওয়াব পায় (মুসলিম)।" রাসূল (সা) আরও বলেন, "বাল্লিগু 'আন্নি ওয়ালাও আয়াহ" অর্থাৎ আমার একটি বাণী হলেও মানুষের নিকট পৌঁছে দাও। ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫ এর ১১(ঙ) ধারা অনুযায়ী ফাউন্ডেশনের অন্যান্য কার্যাবলির মধ্যে ইসলামের প্রচার ফাউন্ডেশনের অন্যতম একটি কাজ।

বর্ণিত প্রেক্ষাপটে মোবাইল ফোনের মাধ্যমে ইসলামী তথ্য সেবা প্রদান অর্থাৎ কুরআনের বাণী ও হাদিসসমূহ মানুষের মাঝে প্রচার-প্রসারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন মোবাইল ফোনের মাধ্যমে ইসলামী তথ্য সেবা প্রদান সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনুমতি প্রদান করে উক্ত কাজে উৎসাহ প্রদান করে আসছে। কিন্তু মোবাইল ফোনের মাধ্যমে ইসলামিক সার্ভিস প্রদান কার্যক্রম পরিচালনার জন্য কোন সুনির্দিষ্ট নির্দেশিকা ইতিপূর্বে প্রণয়ন করা হয়নি। তাই মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে একটি সুনির্দিষ্ট নির্দেশিকার আওতায় কার্যক্রম পরিচালনার জন্য ইসলামিক ফাউন্ডেশন আইন ১৯৭৫ এর ৫ ধারার ক্ষমতাবলে সরকারের পূর্বানুমোদনক্রমে ইসলামিক ফাউন্ডেশন-এর বোর্ড অব গভর্ণরস কর্তৃক মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদানের নিমিত্ত নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হইলো :

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রর্বতন :

১. এই নির্দেশিকা "মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা" ২০২২ বলিয়া অভিহিত হইবে।

২. সংজ্ঞা :

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই নির্দেশিকায়-

ক) ফাউন্ডেশন বলিতে ১৯৭৫ সালে প্রণীত 'ইসলামিক ফাউন্ডেশন এ্যাক্ট' অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে বুঝাইবে;

খ) বোর্ড বলিতে ইসলামিক ফাউন্ডেশনের-এর বোর্ড অব গভর্ণরস বুঝাইবে;

গ) "মহাপরিচালক" অর্থ ধারা ৫-ক এর অধীনে নিয়োগপ্রাপ্ত মহাপরিচালক বুঝাইবে;

ঘ) "গভর্ণর" অর্থ ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্ণরস এর গভর্ণর বুঝাইবে;

ঙ) "নির্দেশিকা" অর্থ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ইসলামি তথ্য সেবা প্রদানের নির্দেশিকা বুঝাইবে;

৩. কার্যক্রম ও পরিচালনা :

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক মোবাইল ফোনের মাধ্যমে ইসলামি তথ্য সেবা প্রদানে তদারকি ও যোগাযোগসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম আই সি টি বিভাগ কর্তৃক পরিচালিত হইবে। মহাপরিচালকের নির্দেশনা অনুযায়ী যে কোন বিভাগ এই কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে।

৪. প্রযোজ্যতা :

এই নির্দেশিকা মোবাইল ফোনের মাধ্যমে "ইসলামি তথ্য সেবা প্রদান" সংশ্লিষ্ট বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC) কর্তৃক টিভ্যাস রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। তবে বিটিআরসি হইতে টিভ্যাস রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রথমে ইসলামিক ফাউন্ডেশন হইতে অনাপত্তি পত্র গ্রহণ করিতে হইবে। অনাপত্তি পত্র প্রাপ্তির পর বিটিআরসি হইতে সার্ভিস ও ট্যারিফ এর অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ইসলামিক ফাউন্ডেশন হইতে অনুমতি পত্র গ্রহণ করিতে হইবে।

৫. অনাপত্তি পত্র (NOC) প্রাপ্তির ক্ষেত্রে যোগ্যতা ও প্রয়োজনীয় তথ্যাদি:

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC) কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত মোবাইলে ইসলামি তথ্য সেবা প্রদানে আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ডকুমেন্টস/তথ্যাদি দাখিল করিতে হইবে:

৫.১ Trade License
৫.২ MOA & AOA (Memorandum of Association & Articles of Association)
৫.৩ Certificate of Incorporation
৫.৪ Tax Clearance Certificate
৫.৫ TVAS Registration Certificate (Telecommunication Value Added Services Provider)
৫.৬ Profile of Company Directors
৫.৭ Registered address and present address
৫.৮ Previous experience for Islamic service (If any)

৬. অনাপত্তি পত্র (NOC) প্রাপ্তির ক্ষেত্রে সাধারণ নির্দেশনা ও শর্তাবলি:

৬.১ এই অনাপত্তি পত্র (NOC) গ্রহণের ক্ষেত্রে বিটিআরসি হইতে টিভ্যাস রেজিষ্ট্রেশন সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে।

৬.২ ইসলাম সম্পর্কিত সকল তথ্য প্রচারের/বিতরণের পূর্বে (আইভিআর, ওয়াপ, অ্যাপ এবং এসএমএস) মহাপরিচালক মনোনীত মুফতি/মুহাদ্দিস/মুফাসসির/আলেমে দ্বীন কর্তৃক লিখিত প্রত্যয়ন গ্রহণ করিতে হইবে।

৬.৩ অনাপত্তি পত্র (NOC) গ্রহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ইসলামিক ফাউন্ডেশনের অনুকূলে এককালীন NOC ফি বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা পরিশোধ করিবে।

৬.৪ অনাপত্তি পত্র (NOC) প্রদানের তারিখ হইতে ০১ (এক) বছরের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনাপত্তি পত্রের কার্যকারিতা বলবৎ থাকিবে এবং পরবর্তীতে তাহাদের কার্যক্রম সন্তোষজনক হইলে পুনরায় অনাপত্তি পত্র (NOC) এর মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

৬.৫ কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে যদি ইসলামি আকিদা, শরীয়াহ ও রাষ্ট্র বিরোধী কোন সম্প্রচার/অপ-প্রচার অথবা ইসলামিক ফাউন্ডেশনের নীতি ও আদর্শের সাথে সাংঘর্ষিক এমন যে কোন কাজের সম্পৃক্ততা পাওয়া গেলে এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই বহন করিতে হইবে। এইক্ষেত্রে সরকার তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৭. অনুমতি পত্রের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের যোগ্যতা ও প্রয়োজনীয় তথ্যাদি :

অনুচ্ছেদ নং ৪-এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ডকুমেন্টস/তথ্যাদি দাখিল করিতে হইবে :

৭.১ Trade License
৭.২ MOA & AOA(Memorandum of Association & Articles of Association)

৭.৩ Certificate of Incorporation
৭.৪ Tax Clearance Certificate
৭.৫ BIN Certificate (Business Identification Number)
৭.৬ Bank Solvency
৭.৭ TVAS Registration Certificate (Telecommunication Value Added Services Provider)
৭.৮ Service Tariff Approval
৭.৯ Agreement with Operator
৭.১০ Call Center Approval
৭.১১ Service Details
৭.১২ Profile of company directors
৭.১৩ Profile of key office operational persons
৭.১৪ Profile of associated Islamic personalities
৭.১৫ Registered address and present address
৭.১৬ Previous experience for Islamic service (If any)
৭.১৭ Broadcast channel (SMS, IVR, WAP, App, Call center)
৭.১৮ Full content for broadcast (SMS, IVR, WAP, App) and its approval
৭.১৯ Infrastructure information

a) Call center facilities
b) Recording facilities
c) Video recording facilities

(Describe whether the facilities are of its own or will be rented)

৮. অনুমতি পত্রের জন্য সাধারণ নির্দেশনা ও শর্তাবলি:

৮.১ এই সেবা প্রদানের জন্য টেলিযোগাযোগ সম্পর্কিত কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

৮.২ ইসলাম সম্পর্কিত সকল তথ্য প্রচারের/বিতরণের পূর্বে (আইভিআর, ওয়াপ, অ্যাপ এবং এসএমএস) মহাপরিচালক মনোনীত মুফতি/মুহাদ্দিস/মুফাসসির/আলেমে দ্বীন কর্তৃক লিখিত প্রত্যয়ন গ্রহণ করিতে হইবে।

৮.৩ ইসলামি তথ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তাহাদের কার্যক্রম এবং গ্রাহকদের নিকট হইতে প্রাপ্ত অর্থের হিসাব মনিটরিং এর জন্য ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করিবে। প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কল সেন্টার সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।

৮.৪ মোবাইলের মাধ্যমে ইসলামিক তথ্য সেবা প্রদান বাবদ গ্রাহক এর নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের তারিখওয়ারী হিসাব বিবরণী (Computer Generated) এর হার্ডকপি ও সফটকপি সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করিতে হইবে।

৮.৫ ইসলামি তথ্য সেবা প্রদান বাবদ প্রতিমাসে গ্রাহক এর নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের (ভ্যাট ও ট্যাক্স বাদে নীট রেভিনিউ) ১৫% হারে ইসলামিক ফাউন্ডেশনকে AC চেক/পে-অর্ডার এর মাধ্যমে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এককালীন পরিশোধ করিবে।

৮.৬ অনুমতি পত্র প্রদানের তারিখ হইতে ০১(এক) বছরের জন্য মোবাইল ফোনের মাধ্যমে ইসলামিক তথ্য সেবা প্রদান অনুমোদনের কার্যকারিতা বলবৎ থাকিবে এবং পরবর্তীতে কার্যক্রম সন্তোষজনক হলে পূণরায় মেয়াদ বৃদ্ধি করা যাইবে।

৮.৭ ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত শর্তানুযায়ী অনুমোদন প্রাপ্ত প্রতিষ্ঠান ইসলামিক ফাউন্ডেশনের সাথে তিনশত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করিবে।

৮.৮ অনুমতি পত্র প্রাপ্ত প্রতিষ্ঠান মোবাইল অপারেটরের নিকট হইতে প্রাপ্ত বিলের Invoice-এর অনুলিপি ইসলামিক ফাউন্ডেশনের প্রাপ্য অর্থের সহিত দাখিল করিবে।

মোঃ তৌফিকুল ইসলাম
সহকারী সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

অনুমতি পত্র/ অনাপত্তি পত্র বাতিলকরণ:

৯.১ অনুমোদিত কোন প্রতিষ্ঠান যদি ইসলামি আকিদা, শরীয়াহ ও রাষ্ট্র বিরোধী কোন সম্প্রচার এবং যে কোন অপ-প্রচার করিলে অথবা ইসলামিক ফাউন্ডেশনের নীতি ও আদর্শের সাথে সাংঘর্ষিক এমন যে কোন কাজের সম্পৃক্ততা পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সেই সকল প্রতিষ্ঠানের অনুমতি পত্র/ অনাপত্তি পত্র বাতিল ঘোষণা করিতে পারিবে।

৯.২ অনুমতি পত্র/ অনাপত্তি পত্র প্রাপ্তির পর কোন প্রতিষ্ঠান ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক সাধারণ শর্তাবলি পূরণে ব্যর্থ হইলে অথবা অপারগতা প্রকাশ করিলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত প্রতিষ্ঠানের অনুমতি পত্র/ অনাপত্তি পত্র বাতিল করিতে পারিবে।

৯.৩ কোন প্রতিষ্ঠান স্বেচ্ছায় তাদের অনুকূলে প্রদত্ত অনুমতি পত্র/ অনাপত্তি পত্র বাতিল করিতে চাহিলে মহাপরিচালক বরাবর লিখিত আবেদন করিতে হইবে।

১০. ইসলামি তথ্য সেবা থেকে অর্জিত সকল আয় ইসলামিক ফাউন্ডেশনের রাজস্ব খাতে জমা হইবে।

১১. নির্দেশিকা সংশোধন:

ইসলামিক ফাউন্ডেশন, বোর্ড অব গভর্ণরসের সুপারিশে সরকারি অনুমোদনক্রমে সময়ে সময়ে নির্দেশিকায় প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন, সংযোজন, বিয়োজন করিতে পারিবে।

২৭/০৯/২০২২

মোঃ তৌফিকুল ইসলাম
সহকারী সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।